

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ে কর্মরত নিরাপদ খাদ্য অফিসারগণের সাথে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩) সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আব্দুন নাসের খান
সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
তারিখ : ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ
সময় : দুপুর ২:৩০ টা।
মাধ্যম : অনলাইন প্ল্যাটফর্ম (জুম)।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ের কর্মকর্তাগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সহকারী পরিচালক জনাব জেবিদাস রায় সেবা প্রদানের অংশ হিসেবে সভার শুরুতেই সভা আহ্বানের প্রেক্ষাপট বর্ণনা করেন। জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ের সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবার বিভিন্ন বিষয়াদি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি জেলা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদানে আরও দায়িত্বশীল হওয়া এবং কর্মকর্তা-কর্মচারীদের যথোপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত
১.	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা ও মেট্রোপলিটন কার্যালয়ের ওয়েবসাইটে প্রদর্শিত সিটিজেন চার্টারে উল্লিখিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
২.	সেবা গ্রহীতা যাতে হয়রানির শিকার না হয়, সে বিষয়ে সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সচেতন থাকতে হবে
৩.	সিটিজেন চার্টার আগামী ২৫ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে
৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সকল প্রতিবেদন ও প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আব্দুন নাসের খান

সচিব ও

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

নম্বর: ১৩.০২.০০০০.১০০.৩৬.০২৫.২২-৭২০

তারিখ: ০৩ পৌষ ১৪৩০
১৮ ডিসেম্বর ২০২৩

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। যুগ্মসচিব, নিরাপদ খাদ্য অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ২। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। অতিরিক্ত পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। উপ-পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৬। সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৮। মনিটরিং অফিসার (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৯। গবেষণা কর্মকর্তা (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ১১। খাদ্য বিশ্লেষক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ১২। আইন কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ১৩। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ১৪। পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ১৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৬। নিরাপদ খাদ্য অফিসার (সকল), জেলা ও মেট্রোপলিটন কার্যালয়, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।